

সংবাদ বিজ্ঞপ্তি

এশিয়া এডুকেশন অ্যাওয়ার্ড ২০২৪ পেলেন নোবিপ্রবি শিক্ষক

এশিয়া এডুকেশন অ্যাওয়ার্ড ২০২৪ পেলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মেরিন সায়েঙ্গ এন্ড ফিশারিজ বিভাগের সহকারী অধ্যাপক ড. আফসানা পারভীন। সম্প্রতি থাইল্যান্ডের ব্যাংককের হোটেল আমারিতে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে তাকে এ অ্যাওয়ার্ড দেয়া হয়। এশিয়া এডুকেশন কনক্রেভ (AEC) এর আয়োজন করে। এবারের এশিয়ান এডুকেশন সামিটে বিশ্বের ১০ টিরও বেশি দেশ থেকে প্রতিযোগীরা অংশ নেয়। এশিয়া জুড়ে শিক্ষার ওপর তাদের অসামান্য প্রভাবের জন্য ১০০ জনেরও বেশি পুরস্কারপ্রাপ্তকে সম্মানিত করা হয়। সে প্রেক্ষিতে এশিয়ায় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ে "শিক্ষায় উদ্ভাবন" বিভাগে নোবিপ্রবির সহকারী অধ্যাপক ড. আফসানা পারভীনকে পুরস্কৃত ও সম্মাননা প্রদান করা হয়। শিক্ষার উন্নয়ন, বৈশ্বিক দৃষ্টিভঙ্গি, ছাত্রবান্ধব শিক্ষণ শৈলি এবং সামাজিক নেতৃত্ব তৈরিতে অবদান রাখায় তাকে এ পুরস্কারে ভূষিত করা হয়।

শিক্ষাদানের ক্ষেত্রে বর্তমানে উদ্ভাবনী শিক্ষা, বিশেষত শ্রেণীকক্ষে আধুনিক শিক্ষণ কৌশল প্রয়োগ এবং পদ্ধতিসমূহের হাতে কলমে শিক্ষাদানের বিষয়টি অন্তত গুরুত্বপূর্ণ। এই পুরস্কারটি তাদেরই দেয়া হয়, যারা শিক্ষার্থীদের একাডেমিক ফলাফলের উন্নতি এবং শিক্ষার প্রসারে প্রকৃত সমস্যাগুলি সমাধান করতে ক্লাসরুমে নতুনত্ব আনতে ভূমিকা পালন করেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪